সমকাল

25 MAY 2017

# মায়েদের পা ধুয়ে দিল শিক্ষার্থীরা



শার্শায় সংবর্ধনা অনুষ্ঠানে মায়েদের পা ধুয়ে দেয় কৃতী শিক্ষার্থীরা ■ সমকাল

■ বেনাপোল প্রতিনিধি

শার্শা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০১৬ সালের সমাপনী পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা তাদের মায়ের পায়ে পানি ঢেলে দুই হাতে ধুয়ে দিয়েছে। এ সময় মায়েরা খুশিতে চোখের পানি ধরে রাখতে পারেননি। বুধবার দুপুরে শার্শা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০১৬ সালের সমাপনী পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে মায়ের পায়ে পানি ঢেলে দুই হাতে ধুয়ে দেওয়ার এ ব্যতিক্রম আয়োজন করেন শার্শা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মেহেদী হাসান। বৃত্তিপ্রাপ্ত ১৭ শিক্ষার্থী নিজ নিজ মায়ের পা ধুয়ে ও মুছে দেওয়ার পর পরম শ্রদ্ধায় মায়ের কপালে চুমু দিতে দেখা যায়। মায়েরা এ সময় সন্তানদের জড়িয়ে ধরে আবেগাপ্লুত হয়ে পড়েন। এমনই একজন মা বলেন, 'সন্তানরা আজ যে শিক্ষা পেল, তা আগামী দিনে তাদের পাথেয় হয়ে থাকবে। ২০১৬ সালের সমাপনী পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের হাতে একটি ক্রেস্ট ও মেডেল তুলে দেওয়া হয়। তারা তাদের মায়েদের গলায় মেডেল পরিয়ে দেয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাজউদ্দিন বলেন, মা-বাবা ও পরিবারের গুরুজনদের প্রতি কর্তব্য, ভালোবাসা ও চেতনা জাগানোর জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ উদ্যোগে গ্রহণ করেন। শার্শা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মেহেদী হাসান বলেন, মূলত প্রত্যেক ছাত্রছাত্রীর মাঝে তাদের বাবা-মায়ের প্রতি যত্নশীল হওয়ার চেতনা জাগ্রত করতে এ ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। যাতে করে শিক্ষার্থীদের মধ্যে মা-বাবার প্রতি বেশি বেশি ভালোবাসা, শ্রদ্ধাবোধ এবং যত্নশীল হওয়ার মানসিকতা সৃষ্টি হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর